



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়  
সরকারি বি এল কলেজ, খুলনা

দূরালাপনী : অফিস ৭৬২৯৪৪  
ফ্যাক্স নং : ০৪১-২৮৫০৩৭০

**২০১৪-২০১৫ শিক্ষাবর্ষে ডিগ্রি পাস কোর্সে রিলিজ স্লিপের মাধ্যমে ভর্তির বিজ্ঞপ্তি**

ভর্তি পরীক্ষার ফলাফল [www.nu.edu.bd/admissions/applicantlogin](http://www.nu.edu.bd/admissions/applicantlogin) এ পাওয়া যাবে।

১। ভর্তির তারিখ (রিলিজ স্লিপের মাধ্যমে):

বিষয়ের নাম	ভর্তির তারিখ
বি এ, বি এসএস, বিবিএস, বিএসসি	০৯.০৬.২০১৫ হতে ১৪.০৬.২০১৫ তারিখ পর্যন্ত সরকারি ছুটির দিন ব্যতিত

২। মনোনয়ন প্রাপ্তদের অনলাইনে ভর্তি ফরম গ্রহণ : ০৯.০৬.২০১৫ থেকে ১৪.০৬.২০১৫ তারিখ পর্যন্ত।

৩। কোর্সভিত্তিক রিলিজ স্লিপের মাধ্যমে তালিকায় মনোনীত ছাত্র-ছাত্রীদের ভর্তি পরীক্ষার রোল ও পিন নম্বর ব্যবহার করে ওয়েব সাইট [www.nu.edu.bd/admissions/applicantlogin/degreepasslogin](http://www.nu.edu.bd/admissions/applicantlogin/degreepasslogin) থেকে A4 সাইজে অফসেট সাদা কাগজে কালার প্রিন্ট দিয়ে ভর্তি ফরম সংগ্রহ করতে হবে। ভর্তি ফরম প্রিন্ট করার পর কলেজ কপি ২ সেট ফটোকপি করে প্রয়োজনীয় কাগজপত্রসহ ভর্তির জন্য সংশ্লিষ্ট শাখায় (প্রশাসনিক ভবনের পিছনে কাউন্টারে) জমা দিতে হবে। ভর্তি ফি কলেজ অফিসে (প্রশাসনিক ভবনের পিছনে কাউন্টারে) জমা দিয়ে ভর্তি হতে হবে অন্যথায় ভর্তি বাতিল বলে গণ্য হবে।

৪। ছাত্র-ছাত্রীকে ভর্তির সময় এস. এস. সি ও এইচ. এস. সি পাসের মূল নম্বর ফর্দ (মূল নম্বর ফর্দ ছাড়া ভর্তি করা হবে না) আনতে হবে। সংশ্লিষ্ট শাখায় এইচ.এস.সি পাসের মূল নম্বর ফর্দ জমা রাখতে হবে।

৫। শিক্ষার্থী সরকারি বি এল কলেজ, খুলনা অথবা অন্য কোন কলেজে অনার্স অথবা ডিগ্রী (পাস) কোর্সে ভর্তি থাকলে ভর্তি বাতিল করে মূল নম্বর ফর্দ আনতে হবে।

৬। ভর্তির সময় প্রার্থীকে অবশ্যই ভর্তি পরীক্ষার মূল প্রবেশপত্র সংগে আনতে হবে। প্রবেশপত্রের ছবির সাথে ভর্তিচ্ছু প্রার্থীর চেহারা মিলিয়ে নিতে হবে। প্রবেশপত্রের ফটোকপি আবেদন ফরমের সাথে সংযুক্ত করতে হবে।

৭। মুক্তিযোদ্ধা/ আদিবাসি/ দৃষ্টি প্রতিবন্ধী কোটায় (ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ) ভর্তির তালিকা জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে পরবর্তীতে প্রকাশ করা হবে।

৮। ভর্তিচ্ছু ছাত্র-ছাত্রীকে এস. এস. সি ও এইচ. এস. সি. পাসের মূল নম্বর ফর্দের ফটোকপি। আবেদন ফরমের ১ সেট এবং মূল ভর্তি ফরমের সাথে ১ সেট সংশ্লিষ্ট শাখায় জমা দিয়ে নির্ধারিত ফিস প্রদান করেই ভর্তি প্রক্রিয়া শেষ করতে হবে।

৯। কলেজ অভ্যন্তরে অবস্থিত পশ্চিম পার্শ্বে (কলেজ মসজিদের পাশে) সোনালী ব্যাংক, দৌলতপুর কলেজ রোড শাখা থেকে বেতন বই সংগ্রহ করে কলেজ অফিসে ভর্তির ফিস জমা দিতে হবে। মূল বেতন বই ছাড়া কোন বিচ্ছিন্ন পাতায় ভর্তি করা হবে না।

১০। যোগাযোগের জন্য ভর্তির মূল আবেদন ফরমের উপরে অবশ্যই মোবাইল নম্বর এবং ডিগ্রি পাস কোর্সের সিলেবাস অনুযায়ী যে বিষয়সমূহ গ্রহণ করবে সেই বিষয়ের নাম লিখতে হবে।

১১। ফিসাদি : বিএ/ বিএসএস/ বিবিএস = ২,৭৪০/- (দুই হাজার সাতশত চল্লিশ টাকা) মাত্র।  
বিএসসি = ২,৮৪০/- (দুই হাজার আটশত চল্লিশ টাকা) মাত্র।

(প্রফেসর গুলশান আরা বেগম)  
অধ্যক্ষ  
সরকারি বি এল কলেজ, খুলনা



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়  
সরকারি বি এল কলেজ, খুলনা

দুরালাপনী : অফিস ৭৬২৯৪৪  
ফ্যাক্স নং : ০৪১-২৮৫০৩৭০

২০১৪-২০১৫ শিক্ষাবর্ষ স্নাতক (পাস) কোর্সের বিষয় কোড

বিষয়ের নাম	কোড
History of the Emergence of Independent Bangladesh	309
Bengali National Language	301
English (Compulsory)	306
Economics	441
Political Science	451
History	401
Islamic History & Culture	411
Philosophy	431
Sanskrit	371
Islamic Studies	421
Sociology	461
Accounting	511
Management	521
Physics	531
Chemistry	541
Botany	561
Zoology	571
Mathematics	621

(প্রফেসর গুলশান আরা বেগম)  
অধ্যক্ষ  
সরকারি বি এল কলেজ, খুলনা